

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪২১

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ সিয়াম পালনকারী ব্যক্তির নিকট যখন খাদ্য খাওয়া হয়, তখন খাবার শেষ না করা পর্যন্ত ফেরেস্তাগন তার জন্য ক্ষমা প্রার্থনা করতে থাকেন

ذِكْرُ اسْتِغْفَارِ الْمَلَائِكَةِ لِلصَّائِمِ إِذَا أَكَلَ عِنْدَهُ حتى يفرغوا

আরবী

3421 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْجَعْدِ أَخْبَرَنَا شُعْبَةُ عَنْ حَبِيبِ بْنِ زَيْدِ الْأَنْصَارِيِّ قَالَ: سَمِعْتُ مَوْلَاةً لَنَا يُقَالُ لَهَا لَيْلَى تحدِّتْ عَنْ أُمِّ عُمَارَةَ بِنْتِ كَعْبٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ عَلَيْهَا فَدَعَتْ لَهُ بِطَعَامٍ فَقَالَ: (إِنَّ الصَّائِمَ إِذَا أَكل عنده صلَّت عليه الملائكة) (تَعَالَيْ فَكُلِي) فَقَالَتْ إِنِّي صَائِمَةٌ فَقَالَ: (إِنَّ الصَّائِمَ إِذَا أَكل عنده صلَّت عليه الملائكة) الراوي: أُمِّ عُمَارَةَ بِنْت كَعْبٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1342 اخلاصة حكم المحدث: ضعيف _ ((الضعيفة)) (1332).

বাংলা

৩৪২১. উম্মু উমারাহ বিনতু কা'ব রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন যে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার তার কাছে আসলে, তিনি তাঁর জন্য খাবার আনতে বলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, "আসো, তুমিও খাও।" জবাবে তিনি বলেন, "আমি সিয়াম রেখেছি। "তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "সিয়াম পালনকারী ব্যক্তির নিকট যখন খাবার খাওয়া হয়, তখন ফেরেস্তাগণ তার জন্য ক্ষমা প্রার্থনা করতে থাকেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদু আলী বিন জা'দ: ৮৯৯; মুসনাদ আবী ইয়ালা: ২/৩৩১; বাগাবী, শারহুস সুন্নাহ: ১৮১৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৯১১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৮৬; দারেমী: ২/৭; মুসনাদ আহমাদ: ৬/৪৩৯; তিরমিযী: ৭৮৫; ইবনু মাজাহ: ১৭৪৮; সুনান বাইহাকী: ৪/৩০৫।



হাদীসটির ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফা: ১৩৩২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উমারাহ বিনতু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন